



## করোনা কালিন রমজান হোক জীবনের স্মরণীয় স্মৃতি!

নিঃসন্দেহে এই বছরের রমজান করোনা-ভাইরাসের কারণে আমাদের সকলের জীবনে এক অসাধারণ স্মরণীয় স্মৃতি হয়ে থাকবে!

মনের গহীন কোনে সারা জীবন বেদনা দিবে রমজান-২০২১-এর 'জুম্মার দিনগুলো', 'মসজিদে তারা বী পড়তে না পারা', 'ইফতার মাহফিল' – এমনি অনেক না পাওয়ার বেদনা - অনেক পরিচিতকে হারানোর বেদনা।

তবুও আসুন এরই মাঝে রমজান-২০২১ থেকে কিছু অর্জনের ব্যবস্থা করি। এমন কিছু কাজ যা আমাদের আত্মাকে দিবে প্রশান্তি, আখেরাতে দিবে মুক্তি!

### রমজান-২০২১ -এ বিশেষ কিছু ভাল কাজ!

- ইতিকাফ করুন। হ্যাঁ, **নিজ ঘরে বসেই ইতিকাফ করুন**। আল্লাহর নৈকট্য লাভের এক সুন্দর মাধ্যম ইতিকাফ। নিজে না পারলে, ঘরের মহিলাদের একটু সুযোগ করে দিন।
- প্রতি বছর তো আমি আপনি রমজানে কিছু না কিছু দান খয়রাত করেই থাকি। আসুন **এই রমজানে আমাদের সাদাকা ও দান হোক জীবনের সর্ববৃহৎ সাদাকা**।
- এমন **একজনকে ক্ষমা করুন** যার বিষয়ে আপনি বলেছিলেন আপনি কখনও তাকে ক্ষমা করবেন না।
- যদি সম্ভব হয়, **একটি দরিদ্র পরিবারকে বেছে নিন** এবং আপনি যতদিন বেঁচে থাকবেন তাদের স্পনসর করার প্রতিশ্রুতি দিন।
- কমপক্ষে ১০ জন **দরিদ্র রোজাদার মানুষকে খাওয়ান!**

এমনি আরও কিছুর পরিকল্পনা আমরা হাতে নিতে পারি যা এই রমজান-২০০১ কে স্মরণীয় করে তুলবে, আত্মাকে দিবে প্রশান্তি, আখেরাতে দিবে মুক্তি!